# মে ২০২২ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ খায়রুল আলম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ | ঃ | ১৯.০৫.২০২২ খ্রি. |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

এপ্রিল ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় এপ্রিল ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে এপ্রিল ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এ উপজেলায় ৭০% ধান কাটা হয়েছে। আবহাওয়া ভাল থাকলে ৮/১০ দিনের মধ্যে ধান কাটা শেষ হবে। শ্রমিক সংকটের কারণে এবার যন্ত্রের সাহায্যে ধান কাটামারা করায় সময় বেঁচেছে এবং পরিষ্কার ধান পাওয়া গেছে। তিনি আরও জানান যে, সরকার নির্ধারিত মূল্যের অর্ধেক মূল্যে ধান কাটামারার এ যন্ত্রটি সরবরাহ করছে। যদি কেউ এ যন্ত্রটি নিতে চান তবে কৃষি দপ্তরের মাধ্যমে আবেদন করলে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।<br>করোনার কারণে ২ বছর কৃষি মেলা হয়নি। এ বছরও মেলা করার কোন নির্দেশনা পাওয়া যায়নি। তবে ধান কাটামারার পর ৩ দিন ব্যাপী কৃষি মেলা হবে। আনন্দের বিষয় দিনাজপুর জেলার ১৩টি উপজেলার মধ্যে বিরামপুর উপজেলাকে কৃষি মেলা করার জন্য নির্বাচন করা হয়েছে। কৃষি ট্রেনিং সেন্টারের সংস্কার কাজ চলছে। এটি একটি পুরাতন ট্রেনিং সেন্টার। ১ম পর্যায়ে যে উপজেলা ট্রেনিং সেন্টার রয়েছে সে উপজেলাকে নির্বাচিত করা হয়েছে। তবে ২য় পর্যায়ে এখনও উপজেলা নির্বাচন করা হয়নি।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সরকারিভাবে প্রদত্ত বীজ প্রদানের জন্য কোন প্রত্যয়ন পত্র দেয়া হয় কিনা জানতে চাইলে উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, জেলা বীজ কর্মকর্তার পর্যবেক্ষণের পর কৃষকের মাঝে বীজ বিতরণ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. কৃষকদের মাঝে বীজ বিতরণে অবশ্যই জেলা বীজ প্রত্যয়ন অফিস কর্তৃক প্রত্যায়িত হতে হবে। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, করোনার প্রকোপ আবারও বেড়েছে। সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। ইতোমধ্যে সারা বিশ্বে ৬৩ লক্ষ জন লোক মৃত্যুবরণ করেছে। তিনি ৩য় পর্যায়ে বুস্টার ডোজ গ্রহণের জন্য সবাইকে অনুরোধ করেন। আগামী ০৪ জুন স্কুলের বাচ্চাদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কয়েকটি গাছ জরুরী ভিত্তিতে কর্তন করা প্রয়োজন। তা না হলে বিল্ডিং ক্ষতিগ্রস্থ হবে। পূর্বের ঝড়ে পড়া গাছটিও নিলাম করা হয়নি।<br>উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুর রোগী কল্যাণ সমিতির জন্য একটি কক্ষ প্রদানের জন্য অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ঝড়ে পড়া গাছসহ অন্যান্য গাছগুলো কর্তনপূর্বক নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. সুযোগ সুবিধা বিবেচনা করে হাসপাতালে রোগী কল্যাণ সমিতির জন্য একটি কক্ষ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১৩২০টি গবাদি প্রাণির এবং ৪৪৩৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪৩৫ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৩৮টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৮০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ২৪৫০০ মাত্রা।<br>এ ছাড়াও তিনি জানান যে, আগামী ইদ-উল-আযহা উপলক্ষ্যে অবৈধ পন্থায় কেউ যেন কোরবানীর পশু মোটা তাজা করতে না পারেন সে বিষয়ে মাঠ পর্যায়ে মনিটরিং বাড়ানো হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদের এক জিজ্ঞাসার জবাবে তিনি জানান যে, র‍্যাবিশ ও এনথ্রাক্স সংক্রামক রোগে কোন গরু মারা গেলে মালিককে ৬০ হতে ৮০ হাজার টাকা ক্ষতি পুরণ দেয়া হয়। তবে নমুনা হিসেবে মাথা কাটা হয়, হাড় ও লাংস কাটা হয়। স্যাম্পল পাঠানোর পর সিদ্ধান্ত হয়। এটি কিছুটা সময়সাপেক্ষ ব্যাপার। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. অবৈধ পন্থায় কেউ যেন কোরবানীর পশু মোটা তাজা করতে না পারেন সে বিষয়ে মাঠ পর্যায়ে মনিটরিং বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বৃষ্টির কারণে কারেন্ট জাল দিয়ে মাছ মারা হচ্ছে। ৩০০টিরও বেশী কারেন্ট জাল বসানো হয়েছে। এ জাল দিয়ে দেশী মাছের পোনা ধরা হয় ফলে দেশী মাছ বিলুপ্তির পথে। কাটলা ও পৌরহাটে বেশী কারেন্ট জাল বিক্রয় হয়। মৎস্য দপ্তরের লোকজন হাটে কারেন্ট জাল ধরতে গেলে লোকজন সরকারি কাজে বাধা দেয় ফলে কারেন্ট জালের ব্যবহার নির্মূল করা সম্ভব হচ্ছে না। মোবাইল কোর্টের মাধ্যমে কারেন্ট জাল নির্মূলে পদক্ষেপ গ্রহণ করা হলে এর ব্যবহার কিছুটা হলেও কমবে এবং মা মাছ নির্বিঘ্নে ডিম ছাড়তে পারবে। এ উপজেলায় ২০ একরের উপরে যে পুকুরগুলো রয়েছে সেগুলো মাসব্যাপী পরিদর্শন করা হবে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর মাছের খাবার বিষয়ে কি কি উদ্যোগ নেয়া হয়েছে তা জানতে চাইলে উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, মৎস্য খাবার পরীক্ষা করার জন্য বিভিন্ন কোম্পানীর খাবার ৩টি ল্যাবে প্রেরণ করা হয়েছে। পরীক্ষা করার জন্য ১,২০০/- টাকা ব্যয় হয়। মৎস্য চাষীদের সতর্ক করা হয়েছে। পুকুরে ইউরিয়া সার দিলে পানি সবুজ হয়। এ বিষয়ে সচেতনতা বাড়াতে হবে। অর্গানিক পদ্ধতিতে খাবারে কোন সমস্যা নেই। মাছের খাবারের সরবরাহ বাড়াতে উপজেলা মৎস্য কর্মকর্তাকে উদ্যোগ গ্রহণের জন্য উপজলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মৎস্য খাবার বিষয়ে বহুল প্রচার অভিযান চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। যেন স্বাস্থ্য ঝুঁকিপূর্ণ খাবার মাছকে না খাওয়ানো হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ঝড়-বৃষ্টির কারণে লাইন ফল্ট হচ্ছে। যদি লাইন ছিড়ে পড়ে থাকে তবে তাৎক্ষণিকভাবে তাদেরকে জানানোর জন্য অনুরোধ করেন। বিভিন্ন অফিসের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে। চিঠি দেয়া হয়েছে। বিল পরিশোধে সহযোগিতা করার জন্য তিনি অনুরোধ জানান।<br>উপজলা নির্বাহী অফিসার বকেয়া বিলের হিসাব দেয়ার এবং অফিসার্স ক্লাবের বিদ্যুৎ লাইন শীফট করার জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিলের হিসাব দেয়া হলে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে। এরুপ প্রস্তাব করায় দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পক্ষ থেকে তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>বিনাইল ইউনিয়নের আশ্রয়ণ প্রকল্পের দেশমা পুকুর পাড়ের গৃহগুলোতে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে ডিজিএম, দিপবিস-২ এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য অনুরোধ করা হয়।<br>উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, দোশরা পলাশবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ট্রান্সমিটার চুরি হওয়ায় ওয়াশব্লকের কাজ বন্ধ আছে। এ প্রেক্ষিতে এজিএম (প্রশাসন), দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ পর্যায়ক্রমে কিস্তিতে টাকা জমাদানের পরামর্শ প্রদান করে আবেদন করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বকেয়া বিলের হিসাব দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>৩. বিনাইল ইউনিয়নের আশ্রয়ণ প্রকল্পের ধোয়া পুকুর পাড়ের গৃহগুলোতে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ঠিকাদার নির্দিষ্ট বিদ্যালয়সমূহে এখনও উচু ও নিচু বেঞ্চ সরবরাহ করেননি। ৪২টি ল্যাপটপের মধ্যে ২০টি ল্যাপটপ দেয়া হবে, অবশিষ্ট অর্থ দ্বারা বেঞ্চ (উচু ও নিচু) দেয়া হবে। বিনাইল ইউনিয়নের বেইলী ব্রিজটি ঝুঁকিপূর্ণ | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সকলের সাথে সমন্বয় করে দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | অবস্থায় আছে। সে কারণে একজন গ্রাম পুলিশকে পাহারায় রাখলে দুর্ঘটনা এড়ানো যাবে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, সার্বক্ষণিক গ্রাম পুলিশ রাখা বাস্তবসম্মত নয় বরং নির্দিষ্ট উচ্চতার গাড়ি ছাড়া অন্য গাড়ি যেন পাড় হতে না পারে সেজন্য তিনি রোড বেরিয়ার দেওয়ার প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী, বিরামপুর আরও জানান যে, নতুন প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম নির্মাণের নির্দেশনা সম্বলিত পত্র পেয়েছেন। আগামী ২৩.০৫.২০২২ খ্রি. তারিখে সয়েলটেস্ট করার প্রস্তাব করেন। ৩য় পর্যায়ে বিরামপুর উপজেলায় নতুন প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম হচ্ছে।<br>এছাড়াও ADP এর টেন্ডার চলমান রয়েছে। ৪র্থ কিস্তির অর্থ পাওয়া যায়নি। ফলে ৪র্থ কিস্তির প্রকল্প অনুমোদন করা হয়নি।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বর্ষা মৌসুমে কাঁচা রাস্তাগুলোতে রাবিশ দিতে হয়। তা না হলে রাস্তাগুলো চলাচলের অনুপোযোগী হয়ে পড়ে। | ৩. বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ক্ষতিগ্রস্থ ব্রীজ ও রাস্তা সংস্কারের কাজ জরুরীভিত্তিতে করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. ADP এর কাজ যথাসময়ে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরও জানান যে, যে সমস্ত এলাকায় জলাবদ্ধতার কারণে সেচ ক্ষতিগ্রস্থ হচ্ছে তার তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দেয়ার জন্য অনুরোধ করেন। তালিকা পাওয়ার পর ব্যবস্থা নেয়া হবে। এটি বাস্তবায়নে ৩ বছর সময় লাগবে। এ জন্য চাহিদা পাঠাতে হবে। পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনে ক্যানেল/কালভার্ট দেয়া হবে। এককথায় পানি নিষ্কাশনের জন্য যা যা করা প্রয়োজন তা BADC করবে।<br>উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) আরও জানান যে, আগামী ২৫ জুন ২০২২ তারিখ তার শেষ কর্মদিবস। আগামী মাসিক সভাটি তার কর্মকালের শেষ সভা হতে পারে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, গ্রেফতারি পরোয়ানা তামিলে গ্রাম পুলিশদের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। উপজেলা নির্বাহী অফিসার যারা সহযোগিতা করছে না এমন গ্রাম পুলিশদের তালিকা দেয়ার জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা নেয়ার পরামর্শ দেন। আইন সঠিকভাবে প্রয়োগ করতে পারলে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৩<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক রয়েছে। সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা প্রতিটি বিদ্যালয়ে ও ইউনিয়ন পর্যায়ে চলমান। বিদ্যালয়গুলোর নিয়মিত মনিটরিং কার্যক্রম জোরদার করা হচ্ছে। উন্নয়নমূলক কার্যক্রম ও উপবৃত্তির কাজ চলমান রয়েছে।<br>তিনি সভায় আরও জানান যে, শৌলাহার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বারান্দায় ও শহীদ মিনারে ধান রাখা হয়েছে। যারা এটি করেছেন তারা প্রভাবশালী। তাদেরকে নিষেধ করলে তারা হুমকি দিচ্ছে। বিদ্যালয়ে তাদের জমি আছে। তারা জমি দিলে মাঠটি সুন্দর হতো।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, ঠিকাদার যে সকল প্রাথমিক বিদ্যালয়ের কাজ শুরু করেননি দ্রুত কাজ শুরু করার | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি গাছের মূল্য নির্ধারণসহ যে রাস্তায় গাছ কাটা হয়েছে সে রাস্তায় গাছ লাগানোর জন্য রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জকে অনুরোধ জানান। | | |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, জন্মনিবন্ধন জটিলতার কারণে ৪০% শিক্ষার্থীর ইউনিক আইডি করা যাচ্ছে না। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলছে মর্মে সভায় অবহিত করেন। যেমন- বর্তমানে<br>জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২ উদযাপন চলছে। সরাসরি শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান পাশাপাশি অনলাইন পাঠদানও চলছে। শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম চলমান।<br>মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। তেমন কোন সমস্যা নেই।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় বলেন যে, শিক্ষার গুনগত মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত ক্লাস হচ্ছে কি-না বা শিক্ষক শিক্ষার্থীর উপস্থিতিসহ বিভিন্ন বিষয়ে সম্যক ধারণা থাকা প্রয়োজন। সেকারণে সকল কর্মকর্তাকে তাদের কাজের ফাঁকে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। এ জন্য প্রয়োজন ক্লাস রুটিন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. শিক্ষা প্রতিষ্ঠানে মনিটরিং বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>শিক্ষা প্রতিষ্ঠানগুলার ক্লাস রুটিন সংগ্রহে রাখা এবং প্রয়োজনে সকল দপ্তর প্রধানকে সরবরাহ করার জন্য উপজেলা মাধ্যমিক ও উপজেলা শিক্ষা অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর।<br>২. উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৪র্থ কিস্তিতে ১৭২৬৬ জন ভাতাভোগীকে ভাতা প্রদান করা হয়েছে। PIN নম্বরটি কাউকে দেয়া যাবে না মর্মে সকল ভাতাভোগীকে সতর্ক করার অনুরোধ জানিয়েছেন। ইউনিয়ন পরিষদ সদস্যসহ গ্রাম পুলিশদের এ বিষয়ে ভাতাভোগীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করার অনুরোধ জানান। ঋণ কার্যক্রম চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অধিবাসীদের জীবনমান উন্নয়নে কার্যক্রম চলছে।<br>রোগীর সংখ্যা দিন দিন বাড়ছে। ফলে রোগীর সংখ্যা নির্ধারণ করে রোগী কল্যাণ তহবিল থেকে অর্থ প্রদান করা যায় মর্মে তিনি সভায় উল্লেখ করেন। এছাড়াও তিনি জানান যে, ক্ষুদ্র-নৃগোষ্ঠীর স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের ২৬ জন শিক্ষার্থীর জন্য বরাদ্দ পাওয়া গেছে। প্রতিজন শিক্ষার্থী পাবে ৪,০০০/-(চারহাজার) টাকা মাত্র। ক্ষুদ্র-নৃগোষ্ঠীর ২৬ জন দুঃস্থ, অসহায়, কর্মহীন ও প্রতিবন্ধীর জন্যও বরাদ্দ পাওয়া গেছে। প্রতিজন ৪,০০০/-(চারহাজার) টাকা করে পাবে। সাধারণ দুঃস্থ, অসহায়, কর্মহীন ও প্রতিবন্ধীর জন্য ৬০,০০০/-(ষাটহাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এদেরও প্রতিজন ৪,০০০/-(চারহাজার) টাকা করে পাবে। এ বরাদ্দগুলো এসেছে জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে এবং বাস্তবায়ন করছে উপজেলা সমাজকল্যাণ কমিটি।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বলেন যে, ক্ষুদ্র-নৃগোষ্ঠীর জনসংখ্যার ভিত্তিতে এ ভাতাগুলো দেয়া হলে সব ইউনিয়নের ক্ষুদ্র-নৃগোষ্ঠী উপকৃত হতো। তিনি আরও জানান যে, রাধাপুর বেইলী ব্রীজের নাট খুলে নিয়ে ভাংড়ির দোকানে বিক্রি করছে। এ প্রসঙ্গে উপ-সহকারী প্রকৌশলী জানান যে, এ নাট খোলা অত্যন্ত কঠিন। তারপরও এ ব্যাপারে খোঁজ নেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রকৃত শিক্ষার্থী, দুঃস্থ, অসহায়, কর্মহীন ও প্রতিবন্ধীরাই যেন এ সুবিধা পায় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নীতিমালার আলোকে প্রতিমাসে গর্ভবতী মহিলাদের মা শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতা প্রদান করা হবে। মেয়র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ মিটিং করে উদ্যোক্তাদের মাধ্যমে ২-৪ মাসের গর্ভবতী মায়েরা ১ থেকে ১৫ তারিখের মধ্যে Online এ আবেদন করতে হবে। ১৫-২০ তারিখের মধ্যে যাচাই-বাছাই করে ২০-২৫ তারিখের মধ্যে তালিকা পাঠানো হলে ঐ মাসেই ভাতা প্রদান করা হবে। ২০-৩৫ বছর বয়সী মায়েরা ২টি ভাতা পাবেন। ৩য় বা ততোধিক সন্তানের জন্য কোন ভাতা পাবেন না। এটি আগামী ২০২৩ সাল থেকে কার্যকর হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করে তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর<br>২. চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সার্ভারের কারণে সঠিক সময়ে মেসেস না পাওয়ায় বেতন পেতে সময় লাগছে। বিষয়টি উর্ধ্বতন কর্মকর্তাতে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য তিনি পুনরায় অনুরোধ জানান।<br>তিনি চেয়ারম্যান ও পুরাতন উদ্যোক্তাদের সাথে চুক্তি সম্পাদন করার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জরুরীভিত্তিতে ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. দ্রুত উদ্যোক্তাদের সাথে চুক্তি সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান।<br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। চলতি মাসসহ এ পর্যন্ত ১২টি ব্যাচে মোট ৩৬০ (তিনশত ষাট) জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২টি প্রশিক্ষণ হয়নি। আগামী ০৫.০৬.২০২২ তারিখে প্রশিক্ষণ ২টি দেয়া হবে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ৯,৬০,০০০/- (নয়লক্ষ ষাটহাজার) টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=৪,১২,৮০০/- (চার লক্ষ বার হাজার আটশত) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=৩,৭৪,৪০০/-(তিন লক্ষ চুয়াত্তর হাজার চারশত) টাকা এবং আদায় হার শতকরা ৯১%।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচির ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =২,৫৭,৭৬,০০০/- (দুই কোটি সাতান্ন লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=২,২৫,৮৩,৪০০/-(দুই কোটি পঁচিশ লক্ষ তিরাশি হাজার চারশত) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=২,০১,৭৬,৬৭৬/-(দুই কোটি এক লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত ছিয়াত্তর) টাকা এবং আদায় হার শতকরা ৮৯%।<br>"শেখ জামাল যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র"স্থাপনের জন্য ৫০ (পঞ্চাশ) শতক জমির প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের পুনরায় সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিকল্প ২টি জায়গার প্রস্তাব করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, জনবল সংকট সত্তেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জনবল সংকটের কারণে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন আশানুরুপ হচ্ছে না। এপ্রিল মাস ২০২২ এ রোজার কারণে কাজ কম হয়েছে। ১৬ জন FWA-কে | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্বাস্থ্য কমপ্লেক্সের জমির সমস্যা নিরসনে উদ্যোগ নিতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | মাঠ পর্যায়ে দম্পতিদের রেজিস্ট্রেশন, জনসংখ্যার তথ্যসহ পরিবার পরিকল্পনা সংশ্লিষ্ট তথ্য রেজিস্টারের পরিবর্তে Tab-এ সংরক্ষণ করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে তাদেরকে সরকারিভাবে বরাদ্দকৃত Tab প্রদান করা হবে। তিনি আরও জানান যে, খানপুর ও দিওড়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ( H & FWC)-এর জমি বেদখল হচ্ছে। জোতবানীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জমি পুকুরের পাড় ভেঙ্গে পুকুরে জমি চলে যাচ্ছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ছাদে স্থানীয়রা ধান শুকায় ফলে ছাদ ক্ষতিগ্রস্থ হচ্ছে। | | |
| আলোচনাঃ ২২ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১ম পর্যায়ে ১৫টি এবং ২য় ও ৩য় পর্যায় মিলে সর্বমোট ৪৭ টি টিউবওয়েলের বোরিং এর কাজ চলছে। ইউনিয়নভিত্তিক টিউবওয়েল বরাদ্দ পাওয়া যায়নি। এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকল কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে বলেন দাপ্তরিক কোন চাহিদা থাকলে তা মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ কে অবহিত করুন। যৌক্তিক চাহিদা হলে তিনি বরাদ্দ প্রদানের ব্যবস্থা করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পশ্চিম জয়দেবপুর ও বুচকিতে ৪০ দিনের কর্মসূচির কাজ করতে হবে। ৪০ দিনের কর্মসূচির আওতায় যে সকল প্রকল্প নেয়া হয়েছে তা যেন সঠিকভাবে বাস্তবায়িত হয় তা মনিটরিং করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ৪০ দিনের কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৪ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি চলমান আদমশুমারী বিষয়ে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ থাকায় এ সভায় অনুপস্থিত রয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৬ বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, যদি ঝড়ে একটি গাছ পড়ে যায় তবে আশেপাশের মানুষ বেশী গাছ কেটে নিয়ে যায়। খানপুরে এ প্রবণতা বেশী লক্ষ্য করা যায়। এ বিষয়ে তিনি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, মুকুন্দপুর ক্যানালে বাগান করা হয়েছে। খুব সুন্দর হয়েছে বাগানটি। এটি দেখভাল করার জন্য তিনি চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানান। চেয়ারম্যান, মুকুন্দপুর ইউপি সভায় বলেন যে, তিনি সর্বাত্মক সহযোগিতা করবেন। কয়েকদিন আগে ট্রাকের ধাক্কায় ১টি গাছ ভেঙ্গে গেলে বন বিভাগের পরামর্শে গাছটি কেটে ফেলা হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর নিয়মের মধ্যে থেকে দক্ষতার সাথে দায়িত্ব পালন করার, ক্যানেলটি সুন্দর করতে যা করা প্রয়োজন তা করার এবং নিজ উদ্যোগে আয়ের একটি পথ বের করার জন্য পরামর্শ প্রদান করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বৃক্ষ রোপণে সকলকে উদ্বুদ্ধ করতে হবে।<br>৩. সামাজিক বনায়ন যেন ধ্বংস/ক্ষতিগ্রস্থ না হয় সেদিকে বিশেষ নজর দিতে হবে।<br>৪. রাস্তার গাছ লাগাতে হবে। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ভোটার তালিকা হালনাগাদকরণসহ দ্বৈত ভোটার পরিহার করার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, বিরামপুরকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ভোটার তালিকা হালনাগাদকরণ ও দ্বৈত ভোটার তালিকা থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৮<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২টি বিষয়ে প্রশিক্ষণ হয়েছে। মূল্যায়ন ভাল হয় এবং পর্যবেক্ষণও করা হয়।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, রুটিন অনুযায়ী ক্লাস হচ্ছে কিনা এবং নিয়মিত ক্লাস হচ্ছে কি-না তা মনিটরিং/পর্যবেক্ষণ করতে হবে। সে কারণে রুটিন প্রয়োজন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ক্লাস রুটিন সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর<br>২. উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, দ্ররিদ্র মানুষের উন্নয়নে পল্লী সঞ্চয় ব্যাংক কাজ করে যাচ্ছে। ধান উঠেছে। তিনি ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।<br>ঋণ গ্রহণকারীদের তালিকা সরবরাহ করার জন্য চেয়ারম্যানগণ তাকে অনুরোধ করেন। আগামী সপ্তাহে তিনি তালিকা প্রদান করবেন মর্মে উল্লেখ করে বলেন যে, অভ্যন্তরীণ কারণে ঋণ আদায় কম হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ঋণ গ্রহীতাদের তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করাসহ **ছক আকারে ঋণের বিস্তারিত তথ্য প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হয়।** | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩০<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় মোটামুটি হচ্ছে। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩১<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে জানান যে, INF-2019-20-55.2710-01 বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন প্রকল্পটির কাজ সমাপ্ত হয়েছে এবং বিল প্রদান করা হয়েছে। INF-2019-20-552710-02 নং প্রকল্প চক হরিদাসপুর উচ্চ বিদ্যালয়ে শ্রেনি কক্ষ নির্মাণের কাজ চলমান রয়েছে। INF-2019-20-552710-03 নং মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু ও নীচু বেঞ্চ বিতরণ প্রকল্পের কাজ এখন পর্যন্ত শুরু করে নাই। তাই ঠিকাদারকে কাজ শুরুর জন্য তাগিদ দেয়া প্রয়োজন। INF-2019-20-552710-04 নং প্রকল্পে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ করার অনুমোদন ছিল কিন্তু অনুমোদিত প্রকল্পটির প্রাক্কলন অনুযায়ী বর্তমানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বাজারে না পাওয়ায় উক্ত সামগ্রী ঠিকাদার সরবরাহ করতে পারছেন না। সেকারণে একই প্রকল্পের উক্ত অনুমোদিত পরিমান টাকার মধ্যে নতুন করে ল্যাপটপের পরিবর্তে কম্পিউটার ও মাল্টিমিডিয়ার প্রাক্কলন তৈরি করে প্রস্তাবনা অনুমোদনের জন্য প্রকল্প অফিসে ১০.০৪.২০২২ তারিখে পাঠানো হয়েছে। অনুমোদন পাওয়া গেলে তা বাস্তবায়নের ব্যবস্থা নেয়া হবে। উল্লেখ্য যে, বর্তমানে প্রকল্পের নাম হবে <u>মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও মাল্টিমিডিয়া বিতরণ প্রকল্প।</u><br>৫ম পর্যায়ে ২০২০-২০২১ অর্থবছরের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ৬(ছয়) টি প্রকল্প প্রস্তাবনা অনুমোদিত হয়েছে। আগামী সপ্তাহ থেকে প্রশিক্ষণ শুরু হবে এবং জুন মাসের মধ্যে সকল প্রশিক্ষণ শেষ করতে হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।<br>৫ম পর্যায়ে ২০২০-২০২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের প্রস্তাব প্রণয়ণ ও প্রেরণ করা হয়। উক্ত প্রকল্পের বিষয়ে ২৫.০৪.২০২২ খ্রি. তারিখে প্রকল্প অফিস থেকে প্রেরিত প্রস্তাবনার উপর কিছু মন্তব্য পাওয়া যায়। এর মধ্যে একটি হলো প্রকল্প নং-INF-2020-21-5527-01 এ ৪২টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ডেস্কটপ ও মাল্টিমিডিয়া বিতরণের প্রকল্প নেয়া হয়েছিল তার মধ্যে | ১. কমিটিগুলো পুনর্গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২. দ্রুত বেঞ্চ সরবরাহ এবং অনুমোদিত প্রকল্পের মালামাল সরবরাহের ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. জুন ২০২২ মাসের মধ্যে প্রশিক্ষণ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. বর্ণিত প্রকল্প প্রস্তাবগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় । উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে প্রকল্পগুলোর প্রাক্কলন ও প্রস্তাবনা প্রজেক্ট মনিটরিং ইউনিটে প্রেরণ এবং অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. জুলাই ২০২২ হতে পরবর্তী ৫ বছরের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>দপ্তর প্রধানদেরকে এ সময়ের চাহিদার সাথে মিল রেখে প্রকল্প প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৩. কোর্স কো-অর্ডিনেটর।<br>৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>৫. স্ব স্ব দপ্তর প্রধান। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>সর্বাধিক ২০ টি দেয়া যাবে। সেকারণে অবকাঠামো প্রকল্প'র জন্য বরাদ্দকৃত ৬০ লক্ষ টাকার মধ্য থেকে প্রথমে ২০ টি ডেস্কটপ ও মাল্টিমিডিয়ার জন্য প্রাক্কলন তৈরি করে অবশিষ্ট টাকার মধ্যে বেঞ্চ (উঁচু ও নীচু) এর জন্য প্রাক্কলন তৈরি করতে হবে। প্রকল্প দুটির নাম হবেঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিবরণ</th><th>টাকা (ভ্যাট ও আয়কর ব্যতীত</th></tr>
<tr><td>১.</td><td>বিরামপুর উপজেলার মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেস্কটপ কম্পিউটার ও মাল্টিমিডিয়া বিতরণ।</td><td>১৮,৯৬,৯৪১/-</td></tr>
<tr><td>২.</td><td>বিরামপুর উপজেলার মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ (উঁচু ও নিচু) বিতরণ।</td><td>৪০,৯৫,৩২৭/-</td></tr>
<tr><td colspan="2">মোট টাকা=</td><td>৫৯,৯৫,২৬৮/-</td></tr>
</table>
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফ বিরামপুর উপজেলার জন্য ২০২২ সাল থেকে পরবর্তী ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর জন্য প্রস্তাব করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, এটি একটি ভাল প্রস্তাব। তিনি স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য-সচিবসহ দপ্তর প্রধানদের জুলাই ২০২২ হতে পরবর্তী ৫ বছরের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির জন্য অনুরোধ করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বাজেট পাওয়া গেলে নিয়মিত উঠান বৈঠক করা হবে।</td><td>১. নিয়মিত উঠান বৈঠক করাসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৩<br>জেলা পরিষদ দিনাজপুর</td><td>জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না।</td><td>১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>সদস্য, জেলা পরিষদ।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৪<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ইউনিয়ন পরিষদে একপাশে বাউন্ডারী ওয়াল আছে অন্যপাশে আর একটি হলে ভাল হয়।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৫<br>কাটলা ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৬<br>খানপুর ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৭<br>দিওড় ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৮<br>বিনাইল ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৯<br>জোতবানী ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে জনাব আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছে এবং তিনি শুভেচ্ছা জানান। অপর ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ বিরামপুর। | সবাইকে শুভেচ্ছা জানান এবং সকলের সহযোগিতায় ভাল কিছু করার প্রত্যয় ব্যক্ত করেন। | -- | -- |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, স্লিপ প্রকল্পের অর্থায়নে প্রাথমিক বিদ্যালয়গুলোতে একই ধরণের আসবাবপত্র ক্রয় না করে বৈচিত্র্য আনা হলে ভাল হতো। সংস্কার/মেরামত খাতে যে বরাদ্দ এসেছে সেটি যেন সঠিক খাতে ব্যয় করা হয় সেটি নিশ্চিত করা জন্য তিনি অনুরোধ করেন। যে সকল বিদ্যালয়ে বাউন্ডারিওয়াল নেই সে সকল বিদ্যালয়ে বাউন্ডারীওয়াল করার অনুরোধ জানান।<br>তিনি আরও বলেন যে, ফরিয়াদের মাধ্যমে ধান না নিয়ে সরাসরি কৃষকদের নিকট থেকে ধান নেয়া হলে কৃষক উপকৃত হবে। বিষয়টিতে দৃষ্টি দেয়ার জন্য তিনি অনুরোধ জানান।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর জানান এখনও ধান ক্রয় কার্যক্রম শুরু হয়নি। বিষয়টির প্রতি লক্ষ্য রাখবেন মর্মে সভায় অবহিত করেন।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর বলেন যে, বিদ্যালয় পরিদর্শন না করে এবং সঠিকভাবে কাজ না হলে প্রত্যয়ন না দেয়া জন্য তিনি অনুরোধ করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর মেয়র, বিরামপুর পৌরসভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলা পরিষদের ভিতরের উত্তর-পূর্ব কোন থেকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে পর্যন্ত রাস্তাটি কার্পেটিং করা প্রয়োজন। তিনি এ রাস্তাটি কার্পেটিং করাসহ পৌর হোল্ডিং কর পরিশোধের লক্ষ্যে দাখিলকৃত পৌর হোল্ডিং কর সংশোধনপূর্বক দাখিল করার জন্য অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সংস্কার/মেরামত খাতে যে বরাদ্দ এসেছে সেটি সঠিক খাতে ব্যয় করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>৩. সরাসরি কৃষকদের নিকট থেকে ধান নেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>৪. পৌর হোল্ডিং ট্যাক্স পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর<br>২. উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।<br>৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর।<br>৪. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪<br>বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় বলেন যে, যে সমস্ত গাছ কাটার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং মূল্য নির্ধারণের জন্য প্রেরণ করা হয়েছে সেসমস্ত গাছের দ্রুত মূল্য নির্ধারণের জন্য রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জকে তিনি অনুরোধ করেন। | (ক) দ্রুত গাছের মূল্য নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্চ, বিরামপুর। |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উল্লেখ করেন যে, উপজেলা পরিষদ বাসাবাড়িগুলো অনেক পুরাতন তবে ব্যবহার অনুপযোগী নয়। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসনিক কর্মকর্তার অফিসকক্ষ ও ওয়াশরুম এবং মেরামত/সংস্কারযোগ্য উপজেলা পরিষদের বাসা, উপজেলা পরিষদ ডরমেটরী জরুরীভিত্তিতে কাজ করার প্রয়োজন হওয়ায় উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>তদপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে,<br>১. উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসনিক কর্মকর্তার অফিসকক্ষ ও ওয়াশরুম এবং উপজেলা পরিষদ ডরমেটরী মেরামত/সংস্কার করার জন্য সম্ভাব্য ব্যয় হবে =১,৫০,০০০/- টাকা। | (খ) উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রস্তাবগুলো সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত PIC এর মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | (খ) উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | **প্রকল্পের নামঃ** উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসনিক কর্মকর্তার অফিসকক্ষ ও ওয়াশরুম এবং উপজেলা পরিষদ ডরমেটরী মেরামত/সংস্কার প্রকল্প।<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. চেয়ারম্যান,পলিপ্রয়াগপুর ইউপি-প্রঃ সভাপতি<br>২.মোঃ মোজাম্মেল হক, সদস্য, পলিপ্রয়াগপুর ইউপি-প্রঃসেক্রেটারি<br>৩. একলাসুর রহমান, সদস্য দিওড় ইউপি- সদস্য<br>৪. মোছাঃ সুলতানা পারভীন,সদস্যা-সদস্য<br>৫. মোঃ জামাল হোসেন, সদস্য, মুকুন্দপুর ইউপি-সদস্য<br><br>২. গেজেটেড কোয়াটার (নীচতলা) ও নন-গেজেটেড কোয়ার্টার নং-ক-১ (নীচতলা) পূর্বদিক মেরামত/সংস্কার করার জন্য সম্ভাব্য ব্যয় হবে। **=১,৫০,০০০/- টাকা**<br>**প্রকল্পের নামঃ** গেজেটেড কোয়াটার (নীচতলা) ও নন-গেজেটেড কোয়ার্টার নং-ক-৩ (নীচতলা) পশ্চিমদিক মেরামত/সংস্কার প্রকল্প।<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. চিত্তরঞ্জন পাহান,চেয়ারম্যান,খানপুর-প্রঃ সভাপতি<br>২. ফাইমা, সদস্যা, কাটলা ইউপি- প্রঃ সেক্রেটারি<br>৩. মোঃ মমিনুল ইসলাম, সদস্য, কাটলা-সদস্য<br>৪. দেলোয়ার হোসেন, সদস্য, মুকুন্দপুর ইউপি-সদস্য<br>৫. মোঃ সাজেদুর রহমান, সদস্য, কাটলা ইউপি-সদস্য<br><br>৩. কোয়ার্টার নং-গ-১ ও গ-২ (নীচতলা) পূর্বদিক ও পশ্চিমদিক (তৌফিক সাহেবের বাসা ও পাশের বাসাটি) মেরামত/সংস্কার করার জন্য সম্ভাব্য ব্যয় হবে =১,৫০,০০০/-টাকা<br>**প্রকল্পের নামঃ** কোয়ার্টার নং-গ-১ ও গ-২ (নীচতলা) পূর্বদিক ও পশ্চিমদিক মেরামত/সংস্কার প্রকল্প।<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ আঃ রাজ্জাক মন্ডল, চেয়ারম্যান, জোতবানী- প্রঃ সভাপতি<br>২. মোঃ নুরুন্নবী মন্ডল নয়ন, সদস্য, জোতবানী ইউপি- প্রঃ সেক্রেটারি<br>৩. আনতাজ আলী, সদস্য, ৪ নং- সদস্য<br>৪. শিতলী পাহান, সদস্যা, খানপুর ইউপি- সদস্য<br>৫. মোঃ নয়ন মিয়া, সদস্য, জোতবানী ইউপি- সদস্য<br>উক্ত সংস্কার/মেরামত কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | | |
| | (গ) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আরও বলেন যে, হঠাৎ বজ্রপাত হওয়ার কারণে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে-০২টি, বাসভবনের গোপনীয় শাখায়-১টি, প্রশাসনিক কর্মকর্তার কক্ষে-০১টি এবং অডিটরিয়ামে-০২টি মোট ০৬টি বৈদ্যুতিক ফ্যান ব্যবহার অনুপযোগী হয়ে পড়ায় তাৎক্ষনিকভাবে ৬টি ফ্যান ক্রয় করে স্থাপন করা হয়। এতে ব্যয় হয়েছে সর্বমোট=২২,২০০/- (বাইশহাজার দুইশত) টাকা মাত্র। উক্ত ব্যয় অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | (গ) প্রস্তাবটি অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এ ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর। |

৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের ন্য সভায় উপস্থাপন করা হয়।

## এপ্রিল/২০২২ মাসের ব্যয়

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া এবং ভ্রমণভাতা প্রদান | =৫৩,১২৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের সম্মানীভাতা এবং ভ্রমণভাতা প্রদান | =৬৭,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের এপ্রিল/২০২২ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী, ইদ-ইল-ফিতরের উৎসব ভাতা এবং পারিতোষিক প্রদান। ( ১৪৮৫০+৮২৫০+১৬,৫০০)=৩৯,৬০০/-X২=৭৯,২০০/- টাকা | =৭৯,২০০/- |
| ০৪ | এপ্রিল/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | এপ্রিল/২০২২আনুষজ্ঞিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের ব্যবহৃত সরকারি গাড়ির যন্ত্রাংশ ক্রয়, স্থাপন ও সার্ভিসিং-এ ব্যয়িত অর্থ পরিশোধ বাবদ প্রদান (ভ্যাট ও আয়করসহ)। উল্লেখ্য পূর্বে করণিক ভুলের কারণে অতিরিক্ত উত্তোলিত ২,০০০/- টাকা এ বিলের সাথে সমন্বয় করায় ৫০,০০০/- (পঞ্চাশহাজার) টাকার স্থলে ৪৮,০০০/-(আটচল্লিশহাজার) টাকা উত্তোলন করা হয়েছে। | =৪৮,০০০/- |
| ০৭ | এপ্রিল/২০২২মাসের বিদ্যুৎ বিল প্রদান | =২৭,২৬৩/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি আজকের আলোচনা ফলপ্রসু হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। বর্ষা মৌসুম শুরু হচ্ছে তিনি জারুল, কৃষ্ণচূড়া ইত্যাদি স্থায়ী ফুলের গাছ লাগানোর জন্য অনুরোধ জানান। এ ব্যাপারে সহযোগিতা করার জন্য রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুরকে তিনি অনুরোধ করেন।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৫/22

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.৭০০/১(৫০) তারিখঃ ৩১.০৫.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬।

০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৭. জনাব ............................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর

০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৯. উপজেলা..............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

৩১.০৫.২২

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd